

ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে “ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা” শীর্ষক দিনব্যাপী অবহিতকরণ সেমিনার অনুষ্ঠিত হয়।

প্রেস রিলিজ নং-০১/২০২১

এড্যাভকেসি কার্যক্রমের অংশ হিসেবে আজ ১২ জানুয়ারি ২০২১ তারিখ মঙ্গলবার ময়মনসিংহ সিটি কর্পোরেশনের সম্মেলন কক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে এবং বিভাগীয় প্রশাসন, ময়মনসিংহের সার্বিক সহযোগিতায় “ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা” শীর্ষক দিনব্যাপী অবহিতকরণ সেমিনার অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং সভাপতিত্ব করেন জনাব মোঃ কামরুল হাসান এনডিসি, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ। সেমিনারে উপস্থিত ছিলেন কমিশনের সদস্যবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ। গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ ইকরামুল হক, মেয়র, ময়মনসিংহ সিটি কর্পোরেশন। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন ব্যারিস্টার মোঃ হারুন অর রশিদ, বিপিএম, ডিআইজি, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ এবং অধ্যাপক ইউসুফ খান পাঠান, চেয়ারম্যান, জেলা পরিষদ, ময়মনসিংহ। উক্ত সেমিনারে উপস্থিত ছিলেন প্রধান নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ সিটি কর্পোরেশন, ময়মনসিংহ বিভাগের চারটি জেলার জেলা প্রশাসকবৃন্দ, বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, জনপ্রতিনিধি, চেম্বার প্রতিনিধি, ব্যবসায়ী, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উক্ত সেমিনারে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রমের বিভিন্ন দিক, প্রতিযোগিতা আইন বাস্তবায়নের সুফল, আন্তর্জাতিক পর্যায়ে সম্পৃক্ততা ও বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের গুরুত্ব বিষয়ে আলোচনা করা হয়। সেমিনারে অংশগ্রহণকারীগণ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম বাস্তবায়নে সর্বাঙ্গিক সহায়তা প্রদানের অঙ্গিকার ব্যক্ত করেন।

তারিখঃ ১২ জানুয়ারি ২০২১

